

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা), ৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০৩.১৪.০০৫৩.২৫.১২০

তারিখ: ৭ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
২২ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: আমদানী স্বত্ব বৃদ্ধি পূর্বক শিল্প আইআরসি নিয়মিতকরণের সুপারিশ প্রদান।

সূত্র: মিশওয়ার টেক্সটাইল মিলস এন্ড অ্যাপারেলস ওপিসি এর ০৭/১২/২০২৫ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মিশওয়ার টেক্সটাইল মিলস এন্ড অ্যাপারেলস ওপিসি, অফিসঃ ২৮/১, তোপখানা রোড, রমনা, ঢাকা ও কারখানা: ২৫২, কলেজরোড, ব্রাহ্মন্দী, নরসিংদী, সদর, নরসিংদী, “টেক্সটাইল স্পিনিং” উপ-খাতভুক্ত ১০০% রপ্তানিমুখী একটি বস্ত্র শিল্প কারখানা যার নিবন্ধন সংখ্যা- পরিঃ/স্পিনিং:-০০০০০৭৬৫-২০২৪; তারিখঃ ২৯/০৯/২০২৪। বস্ত্র অধিদপ্তরের সুপারিশের ভিত্তিতে শিল্প প্রতিষ্ঠানটির অনুকূলে নিয়মিত ভিত্তিতে কাঁচামাল আমদানির জন্য শিল্প আইআরসি নং- ২৬০৩২৬১২০৫২০২৪, তারিখঃ ২৪/১১/২০২৪ খ্রিঃ। নিয়মিতকরণের জন্য আবেদন জানালে, কারখানাটি এ অধিদপ্তরের একজন পরিদর্শক সরেজমিনে পরিদর্শন করে বিস্তারিত তথ্যাদিসহ একটি পরিদর্শন প্রতিবেদন দাখিল করেন। উক্ত পরিদর্শন প্রতিবেদন এবং দাখিলকৃত কাগজপত্রাদি যাচাই করে প্রতিষ্ঠানটির অনুকূলে শিল্প আইআরসি এর আমদানি স্বত্ব পরিবর্তন করে শিল্প আইআরসি নিয়মিতকরণের সুপারিশের প্রস্তাব যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়েছে। উল্লেখ্য যে, ১০০% রপ্তানিমুখী “টেক্সটাইল স্পিনিং” উপ-খাতভুক্ত শিল্প প্রতিষ্ঠানটির অনুকূলে নিম্নোক্ত ছক মোতাবেক কাঁচামাল আমদানির ক্ষেত্রে আমদানি নীতি আদেশ ২০২১-২৪ যথাযথ ভাবে প্রতিপালন করতে হবে।

উপখাত	বিদ্যমান আমদানি স্বত্ব	সুপারিশকৃত আমদানি স্বত্ব	মন্তব্য
“টেক্সটাইল স্পিনিং”	বিদ্যমান ষাণ্মাসিক আমদানি স্বত্ব ১৯,৯০,৮০,০০০/- (উনিশ কোটি নব্বই লক্ষ আশি হাজার) টাকা মাত্র	সুপারিশকৃত ষাণ্মাসিক আমদানি স্বত্ব ৪০,০০,০০,০০০/- (চল্লিশ কোটি) টাকা মাত্র।	আমদানি স্বত্ব বৃদ্ধি করা হলো
	বিদ্যমান বার্ষিক আমদানি স্বত্ব ৩৯,৮১,৬০,০০০/- (উনচল্লিশ কোটি একাশি লক্ষ ষাট হাজার) টাকা মাত্র	সুপারিশকৃত বার্ষিক আমদানি স্বত্ব ৮০,০০,০০,০০০/- (আশি কোটি) টাকা মাত্র।	

০২। এমতাবস্থায় আমদানি নীতি আদেশ এবং অন্যান্য সরকারি বিধিবিধান প্রতিপালন সাপেক্ষে মিশওয়ার টেক্সটাইল মিলস এন্ড অ্যাপারেলস ওপিসি নামক বস্ত্র শিল্প কারখানা এর অনুকূলে বার্ষিক আমদানি স্বত্ব ৩৯,৮১,৬০,০০০/- (উনচল্লিশ কোটি একাশি লক্ষ ষাট হাজার) টাকা এর পরিবর্তে বার্ষিক আমদানি স্বত্ব ৮০,০০,০০,০০০/- (আশি কোটি) টাকা নির্ধারণপূর্বক শিল্প আইআরসি নিয়মিতকরণের সুপারিশের প্রস্তাব যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সুপারিশ করা হলো।

০৩। উল্লেখ্য যে, এ সুপারিশ উক্ত প্রতিষ্ঠানের ব্যস্থাপনা কর্তৃপক্ষ-কে আইনগত কোন দায়মুক্তি প্রদান করবে না এবং ভবিষ্যতে কোন আপত্তি/অভিযোগ উত্থাপিত হলে বস্ত্র অধিদপ্তর তার দায়ভার গ্রহণ করবেনা।

২২-১২-২০২৫

মোঃ আব্দুর রহমান

উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

প্রধান নিয়ন্ত্রক

প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর।

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০৩.১৪.০০৫৩.২৫.১২০/১ (৭)

তারিখ: ৭ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
২২ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার), ১৬ তলা ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
- ২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, (উত্তর), প্লট-২, গরীব-ই-নেওয়াজ এভিনিউ, সেক্টর-১৩, ঢাকা।
- ৩। এসিস্টেন্ট মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কোষ, বস্ত্র অধিদপ্তর।
- ৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বস্ত্র অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। পরিচালক (বস্ত্র) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বস্ত্র অধিদপ্তর, ঢাকা (পরিচালক (বস্ত্র) মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। রিসিপশনিষ্ট, ওয়ান স্টপ সার্ভিস সেন্টার, বস্ত্র অধিদপ্তর, ঢাকা।
- ৭। মিশওয়ার টেক্সটাইল মিলস এন্ড অ্যাপারেলস ওপিসি, অফিসঃ ২৮/১, তোপখানা রোড, রমনা, ঢাকা ও কারখানা: ২৫২, কলেজরোড, ব্রাহ্মন্দী, নরসিংদী, সদর, নরসিংদী।



Asif

২৩-১২-২০২৫
আসিফ চৌধুরী
সহকারী পরিচালক